# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বিষয়: **জিটিসিএল-এর ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক অর্জন পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মহাব্যবস্থাপক (এইচআর) ও আহ্বায়ক, এপিএ টিম |
| সভার তারিখ | : | ১২-১০-২০২৩ |
| সভার সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | কমিটি রুম, লেভেল-৩, জিটিসিএল প্রধান কার্যালয়। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** হিসেবে সংযুক্ত।

**১.০। আলোচনা:**

১.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সভাপতি তাঁর প্রারম্ভিক বক্তব্যে ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র কার্যক্রমসমূহের ১ম ত্রৈমাসিক (জুলাই, ২০২৩ হতে সেপ্টেম্বর, ২০২৩) পর্যন্ত নির্ধারিত লক্ষ্যমাত্রা ও লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনসমূহের বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য সভায় আহবান করেন।

১.২। এ পর্যায়ে এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) সভায় অবহিত করেন যে, ১ম ত্রৈমাসিক পর্যন্ত কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে বিতরণ কোম্পানির কাছে গ্যাস সরবরাহ, স্কাডা সিস্টেমের মাধ্যমে জাতীয় গ্যাস গ্রীড মনিটরিং, ক্যাথডিক প্রটেকশন সিস্টেম মনিটরিং, রাজস্ব আয়, জনবলের প্রশিক্ষণ, অভ্যন্তরীণ শিখন সেশন, Knowledge sharing সেশন কার্যক্রমসমূহের অগ্রগতি হয়েছে। ইতোমধ্যে APAMS সফটওয়্যারে অর্জন ও প্রমাণক আপলোড করা হয়েছে। তিনি সভায় উপস্থিত সকলকে APAMS সফটওয়্যারে আপলোডকৃত অর্জন ও প্রমাণক উপস্থাপন করেন এবং তা পর্যবেক্ষণ করে কারও কোন মন্তব্য থাকলে তা সভায় ব্যক্ত করার অনুরোধ করেন।

১.৩। তিনি সভায় আরও জানান যে এপিএ ২০২৩-২৪ নির্দেশিকা মোতাবেক ইতোমধ্যেই "ভৌত অবকাঠামো নির্মাণ ও সংস্কার" কার্যক্রমের নাম পরিবর্তন ও "কোম্পানি পরিচালনার লক্ষ্যে রাজস্ব আয়" কার্যক্রমের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করে সংশোধন প্রস্তাব পেট্রোবাংলায় যথাসময়ে প্রেরণ করা হয়েছে। ৩১ অক্টোবর পর্যন্ত সময় থাকায় সংশোধন শীঘ্রই অনুমোদিত হবে বলে তিনি আশাব্যক্ত করেন।

১.৪। সভায় "[৩.২] গ্যাস স্টেশন রক্ষণাবেক্ষণ" কার্যক্রমটি Critical কার্যক্রম হিসেবে আলোচনা করা হয়। ইতোমধ্যে আন্তঃবিভাগীয় পত্রের মাধ্যমে ১৭টি গ্যাস স্টেশনের তালিকা ও পেট্রোবাংলা কর্তৃক প্রদত্ত চেকলিস্টের কার্যক্রম সম্পন্নের জন্য দায়িত্বশীল ডিভিশনের তালিকা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে বলে এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) সভায় অবহিত করেন (গ্যাস স্টেশনের তালিকা ও চেকলিস্ট এতদসংগে সংযুক্ত)। সভায় উপস্থিত মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন - ইস্ট ও ওয়েস্ট)-কে প্রদত্ত চেকলিস্ট অনুযায়ী রক্ষণাবেক্ষণ সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে এপ্রিল, ২০২৪-এর মধ্যে সম্পন্নের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। সভায় উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিকাল ইঞ্জিনিয়ারিং)-কে explosion proof light ও thunder arrestor স্থাপনের জন্য গৃহীত কার্যক্রমসমূহ যথাশীঘ্রই সম্পন্নের অনুরোধ জানানো হয়।

১.৫। ২০২৩-২৪ অর্থবছরের এপিএ নির্দেশিকায় প্রদত্ত এপিএ ক্যালেন্ডার ও এপিএ টিমের দায়িত্বসমূহে নিয়ে উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) সভায় আলোচনা করেন। এপিএ বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের বাধ্যবাধকতার বিষয়ে তিনি দৃষ্টি আকর্ষণ করেন। এপিএ নির্দেশিকা ও ৫-টুলসের সংশ্লিষ্ট নির্দেশিকা অনুযায়ী কাজ করার জন্য সভাপতি সভায় উপস্থিত সকলকে নির্দেশনা প্রদান করেন।

১.৬। এছাড়া, কোম্পানির কৌশলগত উদ্দেশ্যে অন্তর্ভুক্ত অন্যান্য কার্যক্রমসমূহ সম্পাদনে এখন পর্যন্ত কোন প্রতিবন্ধকতা নেই বলে এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) সভায় জানান।

১.৬। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তথ্য বাতায়ন/ ওয়েবসাইট নির্ধারিত সময়ে ও নিয়মিতভাবে হালনাগাদের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। এছাড়া সংশ্লিষ্ট সকল কমিটির

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট নং-এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা

আগারগাঁও, ঢাকা।

**২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র ১ম ত্রৈমাসিক (জুলাই, ২০২৩ - সেপ্টেম্বর, ২০২৩) অর্জন পর্যালোচনা সভার উপস্থিতির তালিকা:**

তারিখ : ১২-১০-২০২৩

সময় : ১১:০০ ঘটিকা

স্থান : কমিটি রুম, লেভেল ৩

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | মোঃ সাইফুল ইসলাম | [signature] ১২/১০/২০২৩ |
| ২। | প্রকৌঃ শাহেদা বানু, মহাব্যবস্থাপক (ডিওডি) | [signature] ১২/১০/২০২৩ |
| ৩। | মোঃ নজরুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক | [signature] ১২/১০/২০২৩ |
| ৪। | প্রকৌঃ [illegible] | [signature] ১২/১০/২০২৩ |
| ৫। | মুহম্মদ ইকরামুল হক | [signature] ১২/১০/২০২৩ |
| ৬। | মোঃ আরিফুল হক জাহির | [signature] ১২/১০/২০২৩ |
| ৭। | নারায়ন চন্দ্র সাহা | [signature] ১২/১০/২০২৩ |
| ৮। | মোঃ সিদ্দিকুর রহমান, উপ-মহাব্যবস্থাপক ([illegible]) | [signature] ১২/১০/২৩ |
| ৯। | এ. এম. তৌহিদুর রহমান চৌধুরী, ব্যবস্থাপক | [signature] ১২.১০.২৩ |
| ১০। | Md. Nasir Hasan Khan | [signature] 12/10/2023 |
| ১১। | Md. Shahidul Islam | [signature] 12/10/23 |
| ১২। | Md. Mashihur Rahman, DGM & FP | [signature] |
| ১৩। | মোঃ [illegible] ইসলাম, উপ-ব্যবস্থাপক [illegible], MS | [signature] ১২.১০.২৩ |
| ১৪। | মুশফিক রিদওয়ানুজ জামান, সহকারী প্রকৌশলী, | M.R.Zaman 12.10.23 |
| | | |
| | | |

